গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৫.২০-৩৬৬

তারিখঃ ৩০ কার্তিক ১৪২৭
১৫ নভেম্বর ২০২০

বিষয়ঃ রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার বিষয়ে চাহিত তথ্যাদি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (১) ডিটিই'র স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩-৭৮৭, তারিখ: ০৬/০৯/২০১৮ খ্রি:।
(২) হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিচার শাখা'র স্মারক নং- বিজ্ঞপ্তি নং-১৫ জে/স্মারক নং-৩৫৯৬ জে, তারিখ: ১১/০৮/২০২০ খ্রি:।
(৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৩২৬-২২৩৪, তারিখ: ২৫/১০/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার বাগমারা উপজেলাধীন শ্রীপুর রামনগর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অধ্যক্ষ জনাব মো: আতাউর রহমান প্রামানিক এমপিওকরণ বিষয়ে জাতিয়াতিতে জড়িত থাকায় কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকমূলে এমপিও বাতিল করা হয়।

০২। উক্ত স্মারকের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে মো: আতাউর রহমান প্রামানিক কর্তৃক মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলা দায়ের করা হয়। উক্ত রিট মামলাটি গত ১৭/১২/২০১৮ খ্রি. তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক শুনানী অনিষ্পন্ন রেখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ০৬/০৯/২০১৮ খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং স্মারকের কার্যক্রম (সেপ্টেম্বর/১৮ হতে ডিসেম্বর/১৮) ০৪ (চার) মাস স্থগিত করা হয় এবং ডিটিই হতে এমপিও ছাড় করা হয়।

০৩। মহামান্য আদালত কর্তৃক উক্ত স্থগিতাদেশ গত ১৭/০৪/২০১৯ তারিখে ২য় বার ০৬ (ছয়) মাস (জানু:/১৯ হতে জুন/১৯) বৃদ্ধি করার ডিটিই হতে এমপিও ছাড় করা হয় এবং ১৬/১০/২০১৯ তারিখে ৩য় বার (জুলাই/১৯ হতে ডিসেম্বর/১৯) ০৬ (ছয়) মাস বৃদ্ধি করায় ডিটিই হতে পুনরায় এমপিও ছাড় করা হয়।

০৪। উল্লেখ্য- "**বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ১১ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দের ২৭৫০ এ নং স্মারকের ধারাবাহিকতায় পুনরায় উল্লেখ করা যাচ্ছে যে, যে সকল ফৌজদারী মামলায় আসামীকে নির্দিষ্ট সময় পর্যন্ত জামিন প্রদান করা হয়েছে বা যে সকল মামলায় নির্দিষ্ট সময়ের জন্য অস্থায়ী নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ এর আদেশ প্রদান করা হয়েছে, সে সকল মামলার আদেশের কার্যকারিতা উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হবে**" মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিচার শাখা কর্তৃক গত ১১/০৮/২০২০ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে জানানো হয়।

০৫। উক্ত বিজ্ঞপ্তির কপি সংযুক্ত করে আলোচ্য রিট মামলার পুর্ববর্তী স্থগিতাদেশ বহাল রাখার আদেশ হিসেবে ৪র্থ বারের মত ০৬ (ছয়) মাস বেতন-ভাতা (এমপিও) প্রদানের জন্য ২২/৮/২০২০ তারিখে একই সাথে সচিব, টিএমইডি এবং ডিজি, ডিটিই বরারব আবেদন করা হয় মর্মে দেখা যায়।

০৬। ডিটিই কর্তৃক রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন আদেশ vacate করণের জন্য সরকার পক্ষের জবাব বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে গত ০৬/১১/২০১৯ তারিখে মহামান্য হাইকোর্টে এফিডেভিট করা হয় মর্মে ডিটিই'র পত্রের ৬ নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে। উক্ত অন্তবর্তীকালীন আদেশ vacate করণের বিষয়টি পরবর্তী শুনানীর জন্য নথিজাত করা হয়েছে মর্মে ডিটিইর বিজ্ঞ আইনজীবীর বরাতে সূত্রোক্ত (৩) নং পত্রে উল্লেখ করা হয়েছে।

০৭। সূত্রোক্ত (৩) নং পত্রের ৯ নং অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছে যে, "**সূত্রোক্ত ৭ নং স্মারকে দাখিলকৃত আবেদনে উল্লেখিত ৪র্থ বারের মত ০৬ (ছয়) মাসের বেতন ভাতা প্রদানের মহামান্য আদালতের আদেশ প্রেরণ না করণসহ দাখিলকৃত আবেদনে বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করায়, সরকার পক্ষে দাখিলকৃত হাইকোর্টে অন্তবর্তীকালীন আদেশ vacate করণের আবেদন মূল মামলার শুনানীর সাথে নথিজাত হওয়ায় বাদীর বকেয়া বেতন ভাতাদি প্রদান বিষয়ে পরবর্তী নির্দেশনা এবং বাদীর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ থাকায় উক্ত মামলায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিজ্ঞ আইনজীবীর পাশাপাশি টিইমইডি'র বিজ্ঞ আইনজীবীকে নিয়োগ প্রদান করার জন্য অনুরোধ করা হলো**"।

০৮। পক্ষান্তরে রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন আদেশের মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে পূর্ববর্তী অন্তবর্তীকালীন **আদেশের কার্যকারিতা উচ্চ আদালত পূর্ণাঙ্গরূপে খোলার তারিখ পর্যন্ত বর্ধিত হয়েছে মর্মে গণ্য হওয়ায়** উক্ত বিজ্ঞপ্তিটিই অন্তবর্তীকালীন আদেশের মেয়াদ বৃদ্ধির আদেশ হিসেবে গণ্য মর্মে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ, ঢাকা এর বিচার শাখা এর গত ১১/০৮/২০২০ তারিখের সূত্রোক্ত (২) নং স্মারকমূলে স্পষ্ট হয়।

চলমান পাতা নং-০২

০৯। বর্ণিত প্রেক্ষাপটে পিটিশনার এর আবেদনের বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহণের পূর্বে নিম্নোক্ত তথ্যাদি জানা আবশ্যক-

(ক) রিট পিটিশন নং-১৫৩৬৯/২০১৮ মামলার অন্তবর্তীকালীন আদেশের বিরুদ্ধে আপিল দায়ের না করে একই আদালতে আবেদন করার কারণ কি?

(খ) পিটিশনার কর্তৃক ২২/০৮/২০২০ তারিখে দাখিলকৃত আবেদনে কি বিভ্রান্তিমূলক তথ্য প্রদান করা হয়েছে তা স্পষ্ট করা;

(গ) সচিবালয় নির্দেশমালার ১৭২ নির্দেশ অনুযায়ী প্রস্তাব না দিয়ে সদয় নির্দেশনা চাওয়ার কারণ কি?

(ঘ) পিটিশনার এর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগ থাকায় উক্ত দায়ী ব্যক্তির বিরুদ্ধে কোন বিধানে কি ব্যবস্থা নেয়া যেতে পারে সে বিষয়ে প্রস্তাব প্রেরণ করা;

১০। এমতাবস্থায়, উল্লিখিত চাহিতমতে তথ্যাদি (প্রযোজ্য প্রমাণকসহ) আগামি ২৫/১১/২০২০খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হল।

১৫.১১.২০
(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অফিস কপি/মাষ্টার কপি।